

ক্যাম্পাস

ডিসেম্বরের মধ্যেই বেরোবির মেগা প্রকল্প বাস্তবায়নের আশ্বাস ইউজিসি সদস্যের



প্রতিবেদক: বেরোবি প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ১০:২৫ PM



চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) চলমান মেগা প্রকল্পের কাজ দৃশ্যমান ও বাস্তবায়নের আশ্বাস দিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক ড. আব্দুল্লাহ আল মামুন।

শুক্রবার (৯ অক্টোবর) সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শহীদ আবু সাঈদ গेट-এর উদ্বোধন-পরবর্তী আলোচনা অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ আশ্বাস দেন।

অধ্যাপক ড. আব্দুল্লাহ আল মামুন বলেন, চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই বিশ্ববিদ্যালয়ের সব মেগা প্রকল্প বাস্তবায়ন করতে হবে। কাজের মান নিয়ে কোনো আপস করা হবে না। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সুফল যেন শিক্ষার্থীরা পায়, তা নিশ্চিত করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কর্মকাণ্ড ও সার্বিক অগ্রগতি প্রসঙ্গে তিনি বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার পাশাপাশি অবকাঠামোগত

উন্নয়নকাজে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে হবে। একই সঙ্গে প্রকল্পে বরাদ্দ করা অর্থের যথাযথ ও সময়মতো ব্যবহার নিশ্চিত করাও জরুরি।

শহীদ আবু সাঈদ গেটের উদ্বোধন প্রসঙ্গে ইউজিসি সদস্য বলেন, শহীদ আবু সাঈদ গেট কেবল একটি ভৌত অবকাঠামো বা প্রবেশদ্বার নয়, এটি আমাদের অধিকার আদায় ও বৈষম্যবিরোধী আন্দোলনের চেতনার প্রতীক। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়কে এই চেতনার আলোকে নতুন উচ্চতায় নিয়ে যেতে হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি দুর্গোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলা বলেন, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিবেশ ও শিক্ষার মান উন্নয়নে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। এসব বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) অনুমোদনসংক্রান্ত কার্যক্রমে সর্বোচ্চ সহযোগিতা করা হবে বলেও তিনি আশ্বাস দেন।

অনুষ্ঠানে শহীদ আবু সাঈদের বাবা মকবুল হোসেন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী, রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ড. মো. ফেরদৌস রহমানসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

এ বিভাগের আরও খবর



জবির দ্বিতীয় সমাবর্তনের ফি ও প্রফেশনালদের অন্তর্ভুক্তি নিয়ে সমালোচনার ঝড়
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) দ্বিতীয় সমাবর্তনের রেজিস্ট্রেশন ফি জবির প্রথম সমাবর্তন ও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায়...



আবরার ফাহাদকে সুরগে ঢাবিতে শিবিরের [ক্ষতচিহ্নের ক্যানভাস]
ঢাকা বিশ্ববিদ্যালয়ে শহিদ আবরার ফাহাদের শাহাদাতবার্ষিকী ও নিপীড়নবিরোধী দিবস উপলক্ষে [ক্ষতচিহ্নের ক্যানভাস: নির্ধাতনের ক্যানভাস] শীর্ষক চিত্র...



প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন জবির ১৬ শিক্ষার্থী
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ১৬ শিক্ষার্থী প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৯, ২০২০ ও ২০২১-এর জন্য মনোনীত হয়েছেন। সোমবার (৫ অক্টোবর) বিশ্ববিদ্যালয়...



পদোন্নতি-আপগ্রেডেশনের দাবিতে বেরোবির তৃতীয় শ্রেণির কর্মচারীদের অবস্থান কর্মসূচি
দীর্ঘদিন ধরে পদোন্নতি ও আপগ্রেডেশন না পাওয়ার অভিযোগে অবস্থান কর্মসূচি শুরু করেছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) তৃতীয় শ্রেণির কর্মচার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/campus/disembrer-mdhjei-berobir-mega-prklp-bastbayner-ashbas-iujisi-sdsjer>